

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, হরিণাকুণ্ড, ঝিনাইদহ
www.doict.harinakundu.gov.bd

জরুরি
সীমিত


স্মারক নম্বর: ৫৬.০৪.৪৪১৪.০০০.১৬.০০১.১৯.২

তারিখ: ১৮ পৌষ ১৪২৬

০২ জানুয়ারি ২০২০

বিষয়: হরিণাকুণ্ড উপজেলার সরকারি দপ্তর সমূহের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রূপকল্প-২০২১ বাস্তবায়নের মাধ্যমে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা-২০৩০ (এসডিজি) অর্জন এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে রূপান্তরের লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাধ্যমে আইসিটি অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রী এবং তাঁর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ক উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদের নির্দেশ এবং পরামর্শে আইসিটি বিভাগের মাধ্যমে এ অধিদপ্তর নতুন নতুন লক্ষ্য নির্ধারণ, পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন করে যাচ্ছে। এর সুফল পাচ্ছেন দেশের সাধারণ মানুষ। কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, অর্থনীতি, ব্যবসা-বাণিজ্য, কর্মসংস্থান, নাগরিক সেবা জীবন-যাপনের প্রায় প্রতিটি ক্ষেত্রে লেগেছে ডিজিটাল বাংলাদেশের হোঁয়া। সরকারি-বেসরকারি খাত ও তরুণ প্রজন্মকে নিয়ে চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় নানামুখী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নের মধ্য দিয়ে এগিয়ে চলেছে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে বাংলাদেশের জাতীয় তথ্য বাতায়ন অন্যতম প্রধান হাতিয়ার। আপনারা জেনে খুশী হবেন যে বাংলাদেশের জাতীয় তথ্য বাতায়ন পৃথিবীর সবচেয়ে বড় ওয়েব পোর্টাল। এই ওয়েব পোর্টালের মাধ্যমে দেশের জনগন নানাবিধ দিক দিয়ে উপকৃত ও সমৃদ্ধ হচ্ছে। কিন্তু দুঃখের সাথে জানাতে হচ্ছে যে, হরিণাকুণ্ড উপজেলার অধীকাংশ সরকারি দপ্তরের ওয়েব পোর্টাল সময়উপযোগী ও তথ্য সমৃদ্ধ নয়। এমতাবস্থায় সকল সরকারি দপ্তর প্রধানকে তাদের নিজ নিজ অফিসের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদের মাধ্যমে সময়উপযোগী ও তথ্য সমৃদ্ধ করে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে শরীক হওয়ার জন্য অনুরোধ করা হল।



২-১-২০ ২০

মো: ওয়াশিকুর রহমান

সহকারী প্রোগ্রামার

.....অফিসার,
হরিণাকুণ্ড, ঝিনাইদহ


স্মারক নম্বর: ৫৬.০৪.৪৪১৪.০০০.১৬.০০১.১৯.২/১(৩)

তারিখ: ১৮ পৌষ ১৪২৬

০২ জানুয়ারি ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত জেলা প্রশাসক, (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, হরিণাকুণ্ড, ঝিনাইদহ
- ৩) প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝিনাইদহ



২-১-২০ ২০

মো: ওয়াশিকুর রহমান

সহকারী প্রোগ্রামার